অনুভব করিয়া থাকেন। ভক্তগণ ভক্তিনেত্রে সেই সকল ঐশ্বর্য্য মাধুর্য্য প্রভৃতি স্বরূপগত অনন্ত ধর্ম্মগ্রহণে এক অনির্ব্বচনীয় আনন্দোচ্ছ্বাসে মাতিয়া থাকেন। সেই সকল জ্ঞানসাধকগণও যদি মহতের কৃপাবিশেষ ভাবময়ী দৃষ্টি লাভ করিতে পারেন, তাহা হইলে তাঁহারাও তখন স্বরূপগত বিশেষ উপলব্ধি করিতে পারেন। আর যদি মহৎকৃপা লাভ করিতে না পারেন, তাহা হইলে নির্ব্বিশেষ চিন্মাত্র ব্রহ্মানুভবে সেই ব্রহ্মস্বরূপেই লীন হইয়া থাকেন। সেই জ্ঞানীগণের নিদিধ্যাসন অর্থাৎ উপাসনাও দ্বিতীয়স্কন্ধের ২য় অধ্যায়ে ১৫শ শ্লোকে শ্রীশুকমুনি বলিয়াছেন —

"স্থিরং সুখঞ্চাসনমাস্থিতো যতির্যদা জিহাসুরিমমঙ্গ লোকম্। কালে চ দেশে চ মনো ন সজ্জয়েৎ প্রাণান্ নিয়চ্ছেন্মনসা জিতাসুঃ। মন স্ববুদ্ধ্যামলয়া নিয়ম্য ক্ষেত্রজ্ঞ এতাং নিলয়েৎ তমাত্মনি। আত্মানমাত্মন্যবরুধ্য ধীরো লব্ধোপশান্তির্বিরমেত কৃত্যাৎ॥"

এইক্ষণ আসন্নমৃত্যু মানব যদি স্বয়ং দেহত্যাগ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে তাহার পক্ষে কি কর্ত্তব্য, তাহাই বলিতেছেন—হে রাজন্! পূর্ব্ব-বর্ণিতলক্ষণ যোগী যদি এই দেহ ত্যাগ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে পুণ্যক্ষেত্রে এবং উত্তরায়ণ প্রভৃতি কালে মনের আসক্তি রাখিবে না। কারণ দেশ বা কাল যোগীর সিদ্ধিলাভের হেতু নহে, কিন্তু যোগই সিদ্ধিলাভের হেতু। এইপ্রকার দৃঢ়নিশ্চয় হইয়া স্থির এবং সুখকর আসনে অবস্থান করতঃ প্রাণসংযম করিবে। তৎপর অমলা নিজ বুদ্ধির দ্বারা মনকে সংযত রাখিয়া এই অমলা বুদ্ধিকে বুদ্ধি প্রভৃতির দ্রষ্টা ক্ষেত্রজ্ঞে বিলীন করিবে। সেই ক্ষেত্রজ্ঞকে স্বরূপভূতা বুদ্ধিদ্বারা "বুদ্ধ্যাদিদ্রষ্টৃত্বপ্রভৃতিধর্ম্মরহিত শুদ্ধ-জীবে লীন করিবে। সেই শুদ্ধ আত্মাকেও ব্রহ্মস্বরূপে অবরোধ করিবে। অবরোধ শব্দের অর্থ ব্রহ্মের সহিত শুদ্ধ জীবাত্মাকে অভেদরূপে ভাবনা করা। তৎপর নিবৃত্তি লাভ করিয়া সাধনকৃত্য হইতে বিরত হইবে। যেহেতু সেই জ্ঞানীর নির্ব্বিশেষ ব্রহ্মস্বরূপ অনুভবের পর আর অধিক প্রাপ্য কিছু নাই। অভেদানুসন্ধানাত্মক জ্ঞান সাধকের ঐকাত্মদৃষ্টি পর্য্যন্তই চরম ফল॥ ২১৫॥

তদেবং জ্ঞানমুক্তম্। ইদমেব স্বভাবোঽধ্যাত্মমুচ্যত ইত্যনেন শ্রীগীতাসুক্তম্। স্বস্য শুদ্ধস্যাত্মনো ভাবো ভাবনা আত্মন্যধিকৃত্য বর্ত্তমানত্বাদধ্যাত্মশব্দেনোচ্যত ইত্যর্থঃ। অথাহংগ্রহোপাসনং তচ্ছক্তিবিশিষ্ট ঈশ্বর এবাহমিতি চিন্তনম্। অস্য ফলং স্বস্মিংস্তচ্ছক্ত্যাদ্যাবির্ভাবঃ। যথা বিষ্ণুপুরাণে—নাগপাশাদিযন্ত্রিতঃ শ্রীপ্রহ্লাদস্তাদৃশ-মাত্মানং স্মরণ নাগপাশাদিকমুৎসারিতবান্। অত্রান্তিমফলঞ্চ কীটপেশস্কৃন্ন্যায়েন